ফোন ঃ ০২-৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ০২-৯৫৬৪৭৬৩

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

সচিবালয়, ওয়াপদা ভবন (৩য় তলা), ঢাকা।

স্মারক নং বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৯(১ম খন্ড)/১৬৫ তারিখ ঃ ০১-০৮-২০১৯ খ্রিঃ

## দপ্তরাদেশ

বোর্ডের ঢাকা পওর সার্কেলের আওতায় বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়নাধীন "ঢাকা-নারায়নগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন(২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটির সংশোধিত ডিপিপি যাচাইয়ের নিমিত্ত মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাইয়ের লক্ষ্যে হালনাগাদ তথ্য/ উপাত্তের ভিত্তিতে সংযোজিত বিভিন্ন দফার প্রয়োজনীয় হ্রাস/ বৃদ্ধি নির্দ্ধারণ করে সে আলোকে সুপারিশমালাসহ কারিগরী প্রতিবেদন তৈরীর জন্য স্মারক নং বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৮(১ম খন্ড)/১৩৩ তারিখঃ ৩০/১০/২০১৮খ্রিঃ এর মাধ্যমে গঠিত কারিগরী কমিটি সংশোধনপূর্বক বর্ণিত প্রকল্প বাস্তবায়নে মাঠ পর্যায়ের সমস্যাদি চিহ্নিতকরণ, সমাধানকল্পে সার্বক্ষনিক প্রয়োজনীয় পরামর্শ প্রদান ও সংশোধিত ডিপিপি প্রণয়নের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সংশোধিত কারিগরি কমিটি গঠন করা হলো।

| ক্রঃ নং | নাম / পদবী ও দপ্তর | | কমিটিতে পদ |
|---|---|---|---|
| ১। | প্রধান প্রকৌশলী,<br>নকশা, বাপাউবো, ঢাকা। | ঃ | আহবায়ক |
| ২। | প্রধান প্রকৌশলী,<br>কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা। | ঃ | সদস্য |
| ৩। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী,<br>ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা। | ঃ | সদস্য-সচিব |
| ৪। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী,<br>নকশা সার্কেল-৩(যান্ত্রিক), বাপাউবো, ঢাকা। | ঃ | সদস্য |
| ৫। | নির্বাহী প্রকৌশলী,<br>ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা। | ঃ | সদস্য |
| ৬। | জনাব এ এইচ মনজুর মোর্শেদ<br>উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা-এর দপ্তর, বাপাউবো, ঢাকা। | ঃ | সদস্য |
| ৭। | জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন),<br>প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | ঃ | সদস্য |

### কমিটির কার্যপরিধি ঃ

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন।

খ) প্রকল্পটির নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন কাজ বাস্তবায়নে মাঠ পর্যায়ের পরিবর্তিত পরিস্থিতিতে অনুমোদিত নকশা বহির্ভূত অতিরিক্ত কাজ গ্রহণ ও ব্যয়ের যৌক্তিকতা নির্ধারণ করতঃ সংশ্লিষ্ট নদী/ খালের প্রকৃতি, প্রভাব ও গতি প্রকৃতি (Morphological Change) Site Plan -এ প্রদর্শন পূর্বক আরডিপিপি সংশোধনের যথার্থতা নিরূপনসহ সুপারিশমালা প্রণয়ন করবেন।

গ) প্রস্তাবিত আরডিপিপি'র অঙ্গসমূহের জন্য ইতোপূর্বে প্রস্তুতকৃত ডিপিপিতে কোন অসামঞ্জস্যতা থাকলে তা নিরূপণ করবেন।

ঘ) বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ বিস্তারিত তথ্য/ উপাত্তের ভিত্তিতে প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে প্রস্তাবিত অঙ্গসমূহের পরিমাণের হ্রাস-বৃদ্ধি সহ সংযোজিত বিভিন্ন দফা সমূহের যথার্থতা নিরূপন করে প্রাক্কলন প্রস্তুত/ যাচাই করবেন এবং উক্ত নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন।

ঙ) প্রকল্প বাস্তবায়নে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন।

চ) বর্ণিত স্থানসমূহ রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন।

ছ) প্রকল্পটির বাস্তবায়নকালে কারিগরী সহায়তা প্রদান করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন এ আদেশ জারীর ১৫(পনের) দিনের মধ্যে (তিন প্রস্থে) এবং Soft Copy e-mail: adgpl.bwdb@gmail.com এ অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাপাউবো, ঢাকা মহোদয় বরাবর দাখিল করবেন।

৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০১/০৮/২০১৯
(আব্দুল খালেক)
সচিব
বাপাউবো, ঢাকা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

D:\DS Eastern\Committee\Office Order Veriation Committee.doc

স্মারক নং বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৯(১ম খন্ড)/১৬৫/১(১৩) তারিখ ঃ ০১-০৮-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা ও কমিটির আহবায়ক।

২। প্রধান মনিটরিং, বাপাউবো, ঢাকা (দৃঃ আঃ সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল)। বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।

৩। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।

৪। প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।

৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য-সচিব।

৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৩(যান্ত্রিক), বাপাউবো, ৭২, গ্রীণরোড, ঢাকা ও কমিটির সদস্য।

৭। যুগ্ম প্রধান, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।

৮। সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৯। নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।

১০। জনাব এ এইচ মনজুর মোর্শেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা-এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।

১১। জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।

১২-১৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

(প্রনয় কুমার প্রামানিক)
উপ-সচিব (পরিকল্পনা)(অঃদাঃ)
বাপাউবো, ঢাকা।

T-18

ডায়েরী নং ৬৫৫৭ তারিখঃ ০৪/০৮/১৯
* জরুরী/অতি জরুরী
* উপস্থাপন করুন
* প্রয়োজনীয় ব্যবস্থা নিন
* নথিতে পেশ করুন
* আলোচনা করুন
* নথিতে রাখুন
* তাগিদ পত্র দিন
প্রধান মনিটরিং
বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ৫৪৫৩ তারিখঃ ৫/৮/১৯
প্রোগ্রামার ১
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
* জরুরী
* প্রয়োজনীয় ব্যবস্থা নিন
* নথিতে পেশ করুন
* নথিতে রাখুন
* তাগিদ পত্র দিন
সিস্টেম এনালিষ্ট- ১/২
আইসিটি সেল, বাপাউবো ঢাকা